

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৯০

আগরতলা, ২০ এপ্রিল, ২০২৬

ফায়ার সার্ভিস উইক'র পুরস্কার
বিতরণী অনুষ্ঠানে কর্মীরা পুরস্কৃত

আজ অগ্নিনির্বাপক ও জরুরী পরিষেবা দপ্তরের উদ্যোগে অনুষ্ঠিত হয় ফায়ার সার্ভিস উইক এর সমাপনী এবং বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠান। বাধারঘাট ফায়ার সার্ভিস ট্রেনিং সেন্টারে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন অগ্নিনির্বাপক ও জরুরী পরিষেবা দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা মিঠুন দাস চৌধুরী, প্রাক্তন অধিকর্তা উত্তম মন্ডল সহ রাজ্যের প্রত্যেক জেলার ফায়ার আধিকারিকগণ। অনুষ্ঠানে আগুন নেভানোর উপর একটি প্রতিযোগিতামূলক মহড়া অনুষ্ঠিত হয়। দুর্যোগকালীন পরিস্থিতি মোকাবিলা এবং বিভিন্ন ভাবে জলকে কাজে লাগিয়ে কিভাবে আগুন নেভানো যায় তার মহড়াও অনুষ্ঠিত হয় এই সমাপনী অনুষ্ঠানে।

বার্ষিক পুরস্কার বিতরণী অনুষ্ঠানে সারা রাজ্যে দপ্তরের কর্মীদের মধ্যে সেরা প্রশিক্ষণার্থী, সেরা গাড়ির চালক, দপ্তরের সেরা করণিক, সেরা ফায়ারম্যান, সেরা উদ্ধারকারী, সেরা অগ্নিনির্বাপক কেন্দ্র ইত্যাদি বিষয়ের উপর পুরস্কার তুলে দেন অতিথিগণ। অনুষ্ঠানে সকলকে ধন্যবাদ জানিয়ে বক্তব্য রাখেন দপ্তরের ভারপ্রাপ্ত অধিকর্তা মিঠুন দাস চৌধুরী। তিনি অগ্নিনির্বাপক দপ্তরের ইতিহাস নিয়ে আলোচনা করেন।
